গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪৩.০৪০.২৫- ৯৪০০ তারিখঃ ৯ ৯ শ্রাবণ, ১৪৩৩
২৬ জুলাই, ২০২৬

বিষয়ঃ **যুব প্রশিক্ষণ কেন্দ্রের অতিথি কক্ষে/হোস্টেলে আবাসিক ভিত্তিতে বসবাস প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়ে প্রায়শ: লক্ষ্য করা যাচ্ছে যে,-

০১। যুব প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের অতিথি কক্ষে অনেক কর্মকর্তা বিধি বহির্ভুতভাবে আবাসিক ভিত্তিতে বসবাস করছেন;

০২। প্রশিক্ষণার্থীদের হোস্টেল কক্ষে আবাসিকভাবে অনেক কর্মকর্তা/কর্মচারী বসবাস করছেন;

০৩। কোনো কোনো কর্মকর্তা ডরমিটরিতে একাধিক ইউনিট ব্যবহার করছেন। বদলী হয়ে নতুন কর্মস্থলে যোগদান করলেও তিনি পূর্বের কর্মস্থলের আবাসিক ইউনিট ত্যাগ করছেন না বা কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিচ্ছেন না;

০৪। এতদ্ব্যতীত, যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডরমিটরিতে বসবাসকারী কতিপয় কর্মকর্তা/কর্মচারী সরকারি নির্ধারিত হারে বাড়িভাড়া কর্তন করছেন না এবং অনেকক্ষেত্রে বাড়িভাড়া নিয়মিতভাবে পরিশোধ করছেন না। অনেকে অবৈধভাবে গ্যাস/হিটার ও বিদ্যুৎ ব্যবহার করছেন, বিল পরিশোধ করছেন না। এর ফলে সরকারের আর্থিক ক্ষতি সাধিত হচ্ছে;

০৫। এমতাবস্থায়, মহাপরিচালকের সদয় সিদ্ধান্তক্রমে যুব প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের অতিথি কক্ষে এবং প্রশিক্ষণার্থীদের হোস্টেল কক্ষে কর্মকর্তা/কর্মচারীদেরকে আবাসিকভাবে বসবাস না করার জন্য পরামর্শ দেওয়া হলো। একইসাথে বকেয়া বাড়িভাড়া, গ্যাসবিল ও বিদ্যুৎবিল চালানের মাধ্যমে পরিশোধপূর্বক চালানের যাচাই কপি মহাপরিচালকের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। বিষয়টি জরুরি।

২৬.৭.২০২৬
(মোঃ মানিকহার রহমান)
যুগ্মসচিব
পরিচালক (অর্থ )
ও
পরিচালক (প্রশাসন) (অতি:দায়িত্ব)
ফোন ঃ ০২-২২৩৩৮০৮৬৩

১। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।

২। কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর (সকল)
যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর।

অনুলিপি:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।